

বিশ্ব বই দিবস উদযাপিত

স্টার্ক রিপোর্টার : একটি বইয়ের মালিক হউন, একটি বই পড়ুন'-এ শ্লোগানকে প্রতিপাদ্য করে গ্রন্থ মবাজারের মত ব্রিটিশ কাউন্সিল এবং ড্যাফোর্ডিল এডুকেশন নেটওয়ার্ক যৌথভাবে "বিশ্ব বই দিবস-২০১৩" উদযাপন করেছে। এ উপলক্ষে গতকাল শনিবার ব্রিটিশ কাউন্সিল ফুলার রোডে কার্যালয়ের আধিনায় বেপুত উড়ানোর মাধ্যমে মাসব্যাপী এক বই পড়া কর্মসূচি ঘোষণা করেন অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিস-এর সভাপতি মোহাম্মদ সবুর খান, ব্রিটিশ কাউন্সিল রিসোর্স সেন্টার ম্যানেজার সারওয়ারত মাসুদা রেজা। সভাপতির বক্তব্যে অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ বলেন, 'আদ্যোপিত মানুষ হওয়ার চর্চায় বই পড়ার কোন বিকল্প নেই। আর দেশের আজ আদ্যোপিত মানুষের কড়ই প্রয়োজন। মাসব্যাপী বই পড়া প্রতিযোগিতা সম্পর্কে ব্রিটিশ কাউন্সিল রিসোর্স সেন্টার ম্যানেজার সারওয়ারত মাসুদা রেজা জানান, '৬ষ্ঠ শ্রেণী থেকে যে কোন বয়সের ব্যক্তিই এ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন। যে কেউ চাইলে আগামী ৯ এপ্রিল, এর মধ্যে নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফি দিয়ে ঢাকা, চট্টগ্রাম এবং সিলেটের ব্রিটিশ কাউন্সিলের শাখা হতে বই সংগ্রহ করতে পারবেন। পরবর্তীতে প্রতিটি বিভাগীয় শহরে পঠিত বইটির উপর একটি সংক্ষিপ্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। চারটি প্রাপ্তিক্রমিক এ প্রতিযোগিতাটির প্রতিটি গ্রন্থের জন্য নেটওয়ার্কসহ থাকবে আতর্কণীয় পুরস্কার।'